দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 20 FEB 2010 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

ইউজিসির সেমিনার

# অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষায় শিক্ষাদান হয় না

ভাষাসৈনিক, বিশিষ্ট শিক্ষাবিদ ও ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর ভিসি অধ্যাপক মোঃ রফিকুল ইসলাম বলেছেন, দেশের সরকারি বিশ্ববিদ্যালয় ছাড়া বেশিরভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষায় শিক্ষাদান হয় না। তিনি বাংলা ভাষা চর্চা ও এর ব্যবহারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) যথাযথ ভূমিকা পালনের ওপর গুরুত্বারোপ করেন।

আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস উপলক্ষে কমিশনের উদ্যোগে বৃহস্পতিবার ইউজিসি মিলনায়তনে বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলা ভাষার ব্যবহার শীর্ষক এক সেমিনারে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখেন।

সেমিনারে সভাপতিত্ব করেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি অধ্যাপক আবদুল খালেক। মূল প্রবন্ধের ওপর আলোচনা করেন অধ্যাপক শফি আহমেদ, অধ্যাপক আহমদ আবদুল বারী, অধ্যাপক সানজিদা আখতার, অধ্যাপক আকিমুল রাহমান ও কমিশনের সদস্য অধ্যাপক ড. আতফুল হাই শিবলী প্রমুখ।

অধ্যাপক আব্দুল খালেক বলেন, দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিতে হলে মাতৃভাষা চর্চা ও এর প্রয়োগের কোন বিকল্প নেই। এক্ষেত্রে তিনি উল্লেখ করেন যে, চীন তার মাতৃভাষার যথাযথ চর্চা ও প্রয়োগের মাধ্যমে এখন দ্বিতীয় অর্থনৈতিক পরাশক্তি। তাহলে আমাদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে মাতৃভাষা চর্চায় অনীহা কেন? -প্রেস বিজ্ঞপ্তি